গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

১১ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৪৯৬ তারিখঃ ২৪ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ 'জাতীয় আইনগত সহায়তা দিবস-২০১৭' উদ্‌যাপন উপলক্ষে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সংবাদ সম্মেলন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা অসহায়, হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণকে সরকারি খরচে আইনগত সহায়তা প্রদান করে। দরিদ্র ও নিঃস্ব মানুষকে সরকারি আইনি সেবা বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রতি বছর ২৮ এপ্রিল জাতীয় আইনগত সহায়তা দিবস পালন করা হয়। আগামী ২৮ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে 'জাতীয় আইনগত সহায়তা দিবস-২০১৭' এর কেন্দ্রীয় অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন ঘোষণা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকারি আইনি সহায়তা কার্যক্রম বর্তমান সরকারের একটি অগ্রাধিকারভিত্তিক অতি গুরুত্বপূর্ণ সেবামূলক কার্যক্রম এবং এ কার্যক্রম সম্পর্কে জনগণকে সচেতন করা জরুরী।

০২। এমতাবস্থায় দিবসটি সুষ্ঠু ও সফলভাবে উদ্‌যাপনের নিমিত্ত দেশের সকল টিভি চ্যানেল ও সংবাদপত্রে এ অনুষ্ঠানটির খবর প্রচার ও প্রকাশ সংক্রান্ত বিষয়ে আগামী ২৬/০৪/২০১৭ খিঃ তারিখ দুপুর ১২ ঘটিকায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি মহোদয়ের সভাপতিত্বে আইন ও বিচার বিভাগের সম্মেলনকক্ষে (কক্ষ নং-৭২৭, ভবন নং-৪, সপ্তমতলা, বাংলাদেশ সচিবালয়) জরুরী সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। উক্ত সংবাদ সম্মেলনে দেশের সকল টিভি চ্যানেল ও সংবাদপত্রের প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য সকল টিভি চ্যানেল ও সংবাদপত্রের বার্তা প্রধান/ বার্তা সম্পাদক-কে অনুরোধ করা হলো।

২৪/৪/২০১৭

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

**বার্তাপ্রধান/ বার্তা সম্পাদক (সকল)**

**.........................................., ঢাকা।**

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
২। যুগ্ম-সচিব, (নিরাপত্তা শাখা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩। অতিরিক্ত পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। জনাব ড. মো. রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের বক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৫। যুগ্ম-সচিব (প্রঃ-১/২) মহোদয়ের বক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬। উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬। অফিস কপি।